গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

দুরালাপনী ঃ ০১৩৩৪৯৩৬৮০০

তারিখ ঃ ১৩/০৮/২০২৬খ্রি.

# ইনডোর গেমস সংক্রান্ত বিজ্ঞপ্তি

শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মানসিক, সামাজিক ও সামগ্রিক বিকাশের জন্য একাডেমিক কার্যক্রমের পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক ও সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহত রাখার গুরুত্ব অপরিহার্য। এই পরিপ্রেক্ষিতে সরকারি ব্রজলাল কলেজে সহ-পাঠ্যক্রমিক কার্যক্রমের অংশ হিসেবে আন্তঃবিভাগ ইনডোর গেমস (অন্তঃকক্ষ ক্রীড়া- দাবা, ক্যারম, টেবিল টেনিস ও ব্যাডমিন্টন)-এর ইভেন্ট সমূহ পর্যায়ক্রমে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এ লক্ষ্যে কলেজের উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) শ্রেণিসহ প্রতিটি বিভাগে (সম্মান ও মাস্টার্স শ্রেণি) প্রথমে আন্তঃশ্রেণি/আন্তঃবর্ষ শিক্ষার্থীদের মধ্যে চলতি মাসের ১৬/০৮/২০২৬খ্রি. থেকে ২৫/০৮/২০২৬খ্রি. তারিখের মধ্যে দাবা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) শ্রেণিসহ প্রতিটি বিভাগ থেকে বিজয়ী ছাত্র (০২জন) ও ছাত্রী (০২জন) কলেজের আন্তঃবিভাগ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। উচ্চ মাধ্যমিক, স্নাতক (পাস) শ্রেণি ও বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নামের তালিকা, প্রতিযোগিতার বিভিন্ন পর্বের খেলার ফলাফল এবং ছবি সংরক্ষণ করতে হবে। সম্মানিত উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) শ্রেণির তত্ত্বাবধায়ক এবং বিভাগীয় প্রধানবৃন্দকে নির্ধারিত সময়ে দাবা প্রতিযোগিতা সম্পন্ন পূর্বক বিজয়ী ছাত্র-ছাত্রীদের নামের তালিকা ও ছবিসহ অন্যান্য তথ্য **মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে** পাঠানোর উদ্দেশ্যে সার্বিক ক্রীড়া কমিটির সদস্য জনাব মোঃ শেখ শামিনুর রহমান শরীরচর্চা শিক্ষক (ইমেইলঃ shamim121175@gmail.com)-এর নিকট ২৬/০৮/২০২৬খ্রি. তারিখের মধ্যে সফট ও হার্ড কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩/০৮/২০২৬

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

প্রফেসর সাইফুল ইসলাম

আইডি. নং-০০০০৬৩৯২

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

১৩/০৮/২৬

আহবায়ক

সার্বিক ক্রীড়া কমিটি-২০২৬

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

প্রীতিষ কুমার রায়

আইডি-০১২০৩৫

অধ্যাপক, পদার্থবিদ্যা

বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ও.এস.ডি)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ইনসিটু, সরকারি ব্রজলাল কলেজ, খুলনা।